



জেলা পরিষদ নেত্রকোণা

www.zpnetrokona.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পুনঃ ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, নেত্রকোণা নিয়ন্ত্রিত খেয়াঘাটসমূহ ১৪২৮ বাংলা বছরের জন্য অর্থাৎ ০১/০১/১৪২৮ বাংলা হতে ৩০/১২/১৪২৮ বাংলা পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে এবং পুকুরসমূহ ১৪২৮-১৪৩০ বাংলা অর্থাৎ ০১/০১/১৪২৮ বাংলা হতে ৩০/১২/১৪৩০ বাংলা পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ইজারা বন্দোবস্তের জন্য আগ্রহী দরদাতাগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে সিলমোহরযুক্ত আবদ্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে (খেয়াঘাট ও পুকুরসমূহের তালিকা সংযুক্ত)।

শর্তাবলি :

- প্রতিটি সিডিউল ২০০/- (দুইশত) টাকায় (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নিম্নোক্ত ছকে বর্ণিত সময়সূচি অনুযায়ী প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোনো সিডিউল বিক্রয় করা হবে না।
- দরপত্রের সঙ্গে উদ্ধৃত দরের সাকুল্য টাকা যে কোনো সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণার অনুকূলে জমা দিতে হবে।
- দরপত্র দাতাকে উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর দাখিল করতে হবে।
- দরপত্রের খামের উপর খেয়াঘাট/পুকুরের নাম উল্লেখ থাকতে হবে।
- দরপত্রসমূহ নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাস্তবে গ্রহণ করা হবে এবং দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা অথবা তাঁর/তাদের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিদের (যদি কেউ উপস্থিত থাকেন) উপস্থিতিতে খোলা হবে।
- প্রয়োজনে দরপত্র সংক্রান্ত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।
- কর্তৃপক্ষ যে কোনো অথবা সকল দরপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও খোলার সময়সূচি :

ক্রমিক নং	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
৫ম বার	২৮/০৯/২০২১ খ্রিঃ ১৩ আশ্বিন, ১৪২৮	২৯/০৯/২০২১ খ্রিঃ ১৪ আশ্বিন, ১৪২৮ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ পর্যন্ত	২৯/০৯/২০২১ খ্রিঃ ১৪ আশ্বিন, ১৪২৮ বেলা ২.০০ টা	কোনো খেয়াঘাট/পুকুর-এর বিষয়ে মামলায় নিষেধাজ্ঞার আদেশ থাকলে কিংবা ইজারা সংক্রান্ত বিষয়ে আদালতের ভিন্নরূপ কোনো সিদ্ধান্ত থাকলে উক্ত খেয়াঘাট/পুকুর-এর তালিকা থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে।


(জিয়া আহমেদ সুমন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
জেলা পরিষদ, নেত্রকোণা
ফোন : ০৯৫১-৬১৭২০ (অ)
Email : zpnetrakona@yahoo.com

[চলমান পৃষ্ঠা-২]



০৯.০৯.২০২১

স্মারক নং- জেপনে/১৫/২০১/৮-২০(২০০)

তারিখ : ২৫/০৩/১৪২৮
২/৭/২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।
- ৪। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ৫। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),, নেত্রকোণা।
- ৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা।
- ৯। সদস্য, নং ওয়ার্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ১০। জনাব ইজারাদার,
- ১১। জনাব দারোয়ান-কাম-কেয়ারটেকার, ডাকবাংলো, পুকুর ইজারার নোটিশ সংশ্লিষ্ট গ্রামের জনসাধারণের মধ্যে ব্যাপক প্রচার করে/নোটিশ বিলি করে এই কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।
- ১২। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক সমকাল, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা), ৩৮৭, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮/দৈনিক বাংলার নেত্র, মোক্তারপাড়া, নেত্রকোণা/দৈনিক জননেত্র, মোক্তারপাড়া, নেত্রকোণা। উক্ত বিজ্ঞপ্তিখানা আগামী ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখে ৩ কলামে ৭ ইঞ্চি আকারে ভেতরের পাতায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিল দাখিলের সময় এই আদেশপত্রটি বিলের সহিত দাখিল করতে হবে।
- ১৩। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ১৪। জেলা পরিষদের ওয়েবসাইট (www.zpnetrokona.gov.bd)।


(জিয়া আহমেদ সুমন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
জেলা পরিষদ, নেত্রকোণা